

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)

“মহাকাশ বিজ্ঞান ভবন”

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭

বিষয়: স্পারসোতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম সভার কার্যবিবরণ।

সভাপতি: জনাব মোঃ আব্দুস সামাদ

চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), স্পারসো।

স্থান: স্পারসোর বোর্ড সভা কক্ষ

তারিখ ও সময়: ২৭ সেপ্টেম্বর ২০২২, সকাল: ১১:৩০ টা।

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ:

১। জনাব মোহাম্মদ সানাউল হক, পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), স্পারসো।

২। ড. মোঃ আব্দুস ছালাম, চীফ সায়েন্টিফিক অফিসার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, স্পারসো।

৩। জনাব মোঃ মাহমুদুল হক, প্রধান প্রশাসনিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত), স্পারসো।

জনাব রুবেল কান্তি দে, তথ্য কর্মকর্তা, ও শুদ্ধাচার বিকল্প-ফোকাল পয়েন্ট কর্মকর্তা, স্পারসো বিশেষ আমন্ত্রণে সভায় উপস্থিত ছিলেন। সভার শুরুতে সভাপতি জনাব মোঃ আব্দুস সামাদ, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), স্পারসো, নৈতিকতা কমিটির উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি স্পারসোর ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় বিদ্যমান কার্যক্রমসমূহ নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে বলে নির্দেশনা প্রদান করেন।

সভাপতির অনুমতিক্রমে ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু সভায় উপস্থাপন করেন।

আলোচ্যসূচি ১: ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০২২) বিদ্যমান কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও অনুমোদন।

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, স্পারসো জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করে জানান যে, সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়িত হয়েছে। সার্বিক অগ্রগতি হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এরপর স্পারসোর ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় বিদ্যমান কার্যক্রমসমূহের ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০২২) বিদ্যমান কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করলে উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং অগ্রগতি তুলে ধরেন।

আলোচনা পরিশেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	মন্তব্য
১	২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর) বিদ্যমান কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও অনুমোদন।	পরিচালক, স্পারসো এবং প্রশাসনিক কর্মকর্তা, স্পারসো	অগ্রগতি অনুমোদিত। ০২ অক্টোবর ২০২২ তারিখের মধ্যেই প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
২	২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর) বিদ্যমান কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং নৈতিকতা কমিটির ৩৪ তম সভার কার্যবিবরণ স্পারসো ওয়েবসাইটে আপলোড করতে হবে।	জনাব রুবেল কান্তি দে, তথ্য কর্মকর্তা, ও শুদ্ধাচার বিকল্প-ফোকাল পয়েন্ট কর্মকর্তা, স্পারসো।	০২ অক্টোবর ২০২২ তারিখের স্পারসো ওয়েবসাইটে আপলোড করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৯/২০২২
(মোঃ আব্দুস সামাদ)

চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), স্পারসো

ও
সভাপতি নৈতিকতা কমিটি

নম্বর: ২৩.০৪.০০০০.০০৮.৯৯.০০৫.২১. ৯৯৯৭

তারিখ: ২৯/০৯/২০২২

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ১। জনাব মোঃ মাহমুদ আলী, সদস্য (গবেষণা), স্পারসো।
- ২। ড. মোঃ আব্দুস ছালাম, চীফ সায়েন্টিফিক অফিসার এবং সদস্য-সচিব নৈতিকতা কমিটি, স্পারসো।
- ৩। জনাব মোঃ মাহমুদুল হক, প্রধান প্রশাসনিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত), স্পারসো।
- ৪। জনাব রুবেল রুবেল কান্তি দে, তথ্য কর্মকর্তা, স্পারসো।
- ৫। পিএ টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), স্পারসো।

বিরুদ্ধে
২৯/০৯/২০২২

(মোহাম্মদ সানাউল হক)

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), স্পারসো।

ফোন: ৪৮১১৮৫৮১